# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধানকাযালয়

৮৩-৮৫ মতিঝিলবা/এ, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ।

ফোন-০২-২২৩৩৮৮৯৪৯; ই-মেইল ঃ dgmsme@krishibank.org.bd


বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-(শাখা-৪)এসএমই-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ৯৭৫(১২০০)

তারিখঃ ০২/১২/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজ (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের পত্র নং-৪৩৩১ এবং অত্র বিভাগের পত্র নং-৭৩১ তারিখ যথাক্রেম ২১/১০/২০২১, ২৪/১০/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ৩ বছর মেয়াদী সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের দ্বিতীয় পর্যায় (২০২১-২০২২) বাস্তবায়নের লক্ষ্যে অত্র বিভাগের পত্রসূত্র নং-৭৩১, তারিখঃ ২৪/১১/২০২১ মূলে লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকা বিভাগীয় কার্যালয়সমূহের মাঝে বরাদ্দ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকল্পে অঞ্চল কর্তৃক শাখাওয়ারী ও বিভাগ কর্তৃক অঞ্চলওয়ারী নিবিড় মনিটরিং এর নির্দেশনা প্রদান করা হয়েছে। ৩০/১১/২০২১ তারিখ পর্যন্ত প্রদত্ত লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকার বিপরীতে বিতরণ হয়েছে মাত্র ৩৩.১৭ শতাংশ, যা আনুপাতিক লক্ষ্যমাত্রা ৪২ শতাংশ এর কম। বাংলাদেশ ব্যাংক কর্তৃক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার যৌক্তিকতা জানতে চাওয়া হয়েছে।

০৩। সর্বশেষ ৩০/১১/২০২১ তারিখ ভিত্তিক সিএমএসএমই প্রনোদনা প্যাকেজের ২য় পর্যায়ে (অর্থবছর: ২০২১-২০২২) অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয় | সিএমএসএমই(কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজ ২য় পর্যায় (অর্থবছর:২০২১-২০২২) | | | ৩০/১১/২০২১ তারিখ ভিত্তিকি আনুপাতিক লক্ষ্যমাত্রা (৪২%) | ৩০/১১/২০২১ তারিখ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন (কম/বেশি) |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | | |
| ১ | ঢাকা | ৪০.০০ | ১০.৭৫ | ২৬.৮৮% | ১৬.৮০ | -৬.০৫ |
| ২ | ময়মনসিংহ | ২৪.০০ | ৫.৭৭ | ২৪.০৪% | ১০.০০ | -৪.৩১ |
| ৩ | চট্টগ্রাম | ২৫.০০ | ১২.১০ | ৪৮.৪০% | ১০.৫০ | +১.৬০ |
| ৪ | খুলনা | ১৫.০০ | ৬.৭৫ | ৪৫.০০% | ৬.৩০ | +০.৪৫ |
| ৫ | বরিশাল | ৬.০০ | ৪.৯০ | ৮১.৬৭% | ২.৫২ | +২.৩৮ |
| ৬ | সিলেট | ১৫.০০ | ৪.১৭ | ২৭.৮০% | ৬.৩০ | -২.১৩ |
| ৭ | কুমিল্লা | ৩৩.০০ | ১০.৮১ | ৩২.৭৬% | ১৩.৮৬ | -৩.০৫ |
| ৮ | ফরিদপুর | ১৫.০০ | ৬.২৮ | ৪১.৮৭% | ৬.৩০ | -০.০২ |
| ৯ | কুষ্টিয়া | ২২.০০ | ৪.৭৬ | ২১.৬৪% | ৯.২৪ | -৪.৪৮ |
| ১০ | এলপিও | ৫.০০ | ০.০৫ | ১.০০% | ২.১০ | -২.০৫ |
| মোট | | ২০০.০০ | ৬৬.৩৪ | ৩৩.১৭% | ৮৪.০০ | -১৭.৬৬ |

০৪। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ ব্যতীত কোন বিভাগই সিএমএসএমই (কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজ ২য় পর্যায় (অর্থবছর: ২০২১-২০২২) এর আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন করতে পারেনি, যা খুবই দুঃখজনক। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ বিভাগীয় কার্যালয়সমূহের নিকট আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার যৌক্তিকতা জানতে চেয়েছেন। প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কার্যক্রমকে সর্বাধিক গুরুত্বারোপকরতঃ ৩১/১২/২০২১ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার নূন্যতম ৫০ শতাংশ অর্জন নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা পরিচালক সদয় নির্দেশনা প্রদান করেছেন।

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজ (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

০৫। এমতাবস্থায়, ৩০/১১/২০২১ তারিখ ভিত্তিক সিএমএসএমই প্রনোদনা প্যাকেজের ২য় পর্যায়ে (অর্থবছরঃ ২০২১-২০২২) আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ বিভাগীয় কার্যালয়সমূহকে ০৫/১২/২০২১ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার যৌক্তিকতা অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কার্যক্রমকে সর্বাধিক গুরুত্বারোপকরতঃ ৩১/১২/২০২১ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রার নূন্যতম ৫০ শতাংশ অর্জন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকিসহ যথাসময়ে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২/১২/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২১-২২/ ৩৭৫(১২৫০)

তারিখঃ ০২/১২/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

02/12/2021
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক